



# উচ্চ মূল্যমান ব্যাংক নোটের প্রধান নিরাপত্তা বৈশিষ্ট্য



বাংলাদেশ ব্যাংক


www.bb.org.bd → Bank notes & coins → Security features

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি সম্বলিত ১০০, ২০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমানের নোট লেনদেনে নিম্নবর্ণিত নিরাপত্তা বৈশিষ্ট্য খেয়াল করলে আমরা সহজেই আসল নোট চিনতে পারব :

**নিরাপত্তা সুতা :** ১০০ ও ৫০০ টাকা মূল্যমান নোটের বাম পাশে ৪ মি.মি. চওড়া চুলের বেণী সদৃশ নিরাপত্তা সুতা রয়েছে যার একটি অংশ লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং অপর অংশে নোটের মূল্যমান (১০০ টাকা/৫০০ টাকা) মুদ্রিত রয়েছে। ২০০ টাকা মূল্যমান নোটের বাম পাশে ৪ মি.মি. চওড়া নিরাপত্তা সুতা রয়েছে যা লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং ১০০০ টাকা মূল্যমান নোটে ৫ মি.মি চওড়া নিরাপত্তা সুতা রয়েছে যা সোনালী হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয়। ২০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের নিরাপত্তা সুতায় বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম ও নোটের মূল্যমান (২০০ টাকা/১০০০ টাকা) মুদ্রিত আছে। নোটগুলো নাড়াচাড়া করলে এতে হলোগ্রাফিক ইমেজ পরিলক্ষিত হয়।



**রং পরিবর্তনশীল কালি (OVI) :** ১০০ ও ১০০০ টাকা মূল্যমান নোট এদিক-ওদিক করলে রং পরিবর্তনশীল কালিতে মুদ্রিত অংশ সোনালী হতে সবুজ এবং ৫০০ টাকা মূল্যমান নোটে এটি মেজেন্টা হতে সবুজ রংয়ে পরিবর্তিত হবে। তাছাড়া, ১০০০ টাকা মূল্যমান নোটের পেছনে বাম দিকে থাকা হালকা নীল রংয়ের BANGLADESH BANK লেখাটিও নোট এদিক-ওদিক করলে দেখা যাবে।



**SPARK :** ২০০ টাকা মূল্যমান নোটের উপরের ডান কোণায় সোনালী থেকে সবুজ রংয়ের SPARK (Optically Variable Magnetic Ink) দ্বারা ২০০ লেখা রয়েছে, নোটটি নাড়াচাড়া করলে যা সোনালী থেকে সবুজ রংয়ে পরিবর্তন হবে। পাশাপাশি একটি উজ্জ্বল বার উপরে নীচে উঠানামা করবে।



**লুকানো ছাপা :** ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের সামনের দিকের নিচে মাঝ বরাবর নোটের মূল্যমান ১০০, ৫০০ ও ১০০০ এবং ২০০ টাকা মূল্যমান নোটে TWO HUNDRED TAKA লুকায়িত অবস্থায় মুদ্রিত আছে, যা নোটটি অনুভূমিকভাবে ধরলে দেখা যাবে।

**অতি সূক্ষ্ম আকারের লেখা :** ১০০, ৫০০ ও ১০০০ টাকা মূল্যমান নোটের পেছনের দিকের চিহ্নিত অংশে অতি সূক্ষ্ম আকারে BANGLADESH BANK এবং ২০০ টাকা মূল্যমান নোটের পেছনের দিকের চিহ্নিত অংশে অতি সূক্ষ্ম আকারে ২০০ মুদ্রিত রয়েছে, যা আতশী কাঁচ অথবা উন্নতমানের স্মার্ট মোবাইল ফোনের ক্যামেরা প্রয়োজন মত জুম করে কিংবা "Flashlight & magnifying glass" App এর সহায়তায় মোবাইল ফোন ধরে দেখা যাবে।



UV লাইটযুক্ত জাল নোট সনাক্তকারী মেশিন ও মোবাইল ফোন এবং আতশী কাঁচ দ্বারা জাল নোট সহজে পরীক্ষা করা যায়।

নোট জালকারী চক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন এবং এসকল নোট জালকারীকে ধরিয়ে দিন। আসল নোটের বিভিন্ন নিরাপত্তা বৈশিষ্ট্য সম্পর্কে নিজে জানুন এবং অপরকে জানতে সহায়তা করুন।

ব্যাংক নোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন